

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

কোর্স ইউ.জি - ৪.১

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

পর্ব ক

- ১ক. 'শখের থিয়েটার' বা 'বাবু থিয়েটার' বলতে কী বোঝ? এই ধরনের থিয়েটারগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে এই থিয়েটারের কোনো প্রাসঙ্গিকতা আছে বলে কি তুমি মনে কর? মতামত জানাও। ২+৬+২=১০

অথবা

- ১খ. ফোর্ট-উইলিয়াম পূর্ব যুগে বাংলা গদ্যের প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ফোর্ট উইলিয়াম কলেজ কি বাংলা গদ্যের কোনো একটি/একাধিক মডেল তৈরি করতে পেরেছিল বলে তুমি মনে কর? আলোচনা করো। ৩+৭=১০

(Turn Over)

(2)

২. সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি)  $2 \times 5 = 10$
- (ক) নাট্যনিয়ন্ত্রণ আইন  
(খ) বিদ্যাসাগরের গদ্য  
(গ) কবিগান  
(ঘ) গিরিশচন্দ্র ঘোষ
৩. বঙ্কিমচন্দ্রের আগে বাংলা আখ্যানের ধারা কীভাবে বিবর্তিত হয়েছে সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।  $10$
- ৪ক. বঙ্কিমচন্দ্র বলেছিলেন ঈশ্বর গুপ্ত 'রিয়েলিস্ট' কবি। উনিশ শতকের বাংলা কবিতার ধারা যে এই 'রিয়েলিস্ট' গোত্রের কবিতা দিয়ে শুরু হতে পারল, এর কারণ কী বলে তোমার মনে হয়?  $10$
- অথবা
- ৪খ. মধুসূদন দত্তের সাফল্য সত্ত্বেও উনিশ শতকের বাংলা মহাকাব্যের ধারাটি আর প্রসারিত হল না, বাঙালি স্বাচ্ছন্দ্য বোধ করল রোম্যান্টিক গীতিকাব্যেই। কেন? আলোচনা করো।  $10$

(3)

পর্ব খ

- ৫ক. রবীন্দ্রনাথের উপন্যাসে দেশ-কাল এবং সামাজিক-রাজনৈতিক সংকটের ছবি কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো।  $10$
- অথবা
- ৫খ. রবীন্দ্র-অনুসারী কবিরা কি কোনো স্বতন্ত্র কাব্যধারা তৈরি করতে পেরেছিল? তোমার মতামত জানাও।  $10$
- অথবা
- ৫গ. শরৎচন্দ্র জনপ্রিয় কথাসাহিত্যিক। এই জনপ্রিয়তা কি তাঁর সৃষ্টিতে কোনো সীমাবদ্ধতা তৈরি করেছিল? আলোচনা করো।  $10$
- ৬ক. বাংলা উপন্যাসের ধারায় ঔপন্যাসিক তারাশংকরের বিশেষত্ব আলোচনা করো।  $10$
- অথবা
- ৬খ. সংক্ষিপ্ত পরিচয় দাও (যে কোনো দুটি)  $2 \times 5 = 10$
- (ক) কল্লোল-কালিকলম  
(খ) প্রগতি  
(গ) নজরুল ইসলামের কবিতা